



আত্মহত্যা সংক্রান্ত দায়িত্বশীল সংবাদ পরিবেশনার নির্দেশিকা

সংবাদ পরিবেশন কালে যা করতে হবে



আত্মহত্যার ঝুঁকিপূর্ণ ব্যক্তির কোথায় ও কিভাবে সাহায্য পেতে পারেন সে বিষয়ে সঠিক তথ্য প্রদান করুন



আত্মহত্যা এবং আত্মহত্যা প্রতিরোধ সম্পর্কে সঠিক তথ্য দিয়ে জনগণকে সচেতন করুন



কিভাবে মানসিক চাপ বা আত্মঘাতী চিন্তা মোকাবেলা করা যায় এবং কিভাবে সাহায্য পাওয়া যায় সে সম্পর্কে সহায়ক প্রতিবেদন প্রকাশ করুন



সেলিব্রিটি/বিখ্যাত ব্যক্তিদের আত্মহত্যার সংবাদ পরিবেশনে সতর্কতা অবলম্বন করুন



শোকগ্রস্ত পরিবার বা বন্ধুদের সাক্ষাতকার গ্রহণের সময় সাবধানতা অবলম্বন করুন; যেন আপনার কোন প্রশ্নে তাঁর মনে আঘাত না পান



আত্মহত্যার সংবাদ সংগ্রহ ও পরিবেশনকারী সংবাদকর্মী নিজেও আত্মহত্যার ঘটনা দ্বারা প্রভাবিত হতে পারেন। সেক্ষেত্রে প্রয়োজন হলে তারা বিশেষজ্ঞের পরামর্শ গ্রহণ করতে পারেন

সংবাদ পরিবেশন কালে যা করা উচিত নয়



আত্মহত্যার সংবাদটি খুব গুরুত্বপূর্ণ স্থানে প্রকাশ করবেন না এবং অযথা সংবাদটি পুনরাবৃত্তি করবেন না



এমন কোন ভাষা ব্যবহার করবেন না যেন মনে হয় আত্মহত্যা একটি স্বাভাবিক ঘটনা, অথবা আত্মহত্যা কোন সমস্যার সমাধান



বিস্তারিত ভাবে আত্মহত্যার পদ্ধতির বিবরণ প্রদান করবেন না



আত্মহত্যার স্থান নিয়ে বিশদ বিবরণ প্রদান করবেন না



উদ্দীপনার খোরাক দেয় এমন শিরোনাম ব্যবহার করবেন না



ছবি, ভিডিও ফুটেজ বা সামাজিক যোগাযোগ মাধ্যমের কোন লিংক প্রকাশ করা থেকে বিরত থাকুন

